JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো আজ গতি সীমা লঙ্ঘনের বিরুদ্ধে স্টেট পুলিশের কঠোর ব্যবস্থা নেওয়ার কথা ঘোষণা করেছেন

গতি সপ্তাহ (Speed Week) বলবত্করণ প্রচারাভিযান 12ই জুন অবধি চলবে

গতি সীমা লঙ্ঘনের জন্য প্রতি বছর নিউ ইয়র্কে ভয়াবহ দুর্ঘটনা ঘটে

নিউ ইয়র্ক স্টেট পুলিশকে কাজের অঞ্চলে নজরদারি এবং 'মুভ ওভার আইন' এর লঙ্ঘনকারীদের জরিমানা করা অব্যাহত রাখতে হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ সপ্তাহ জুড়ে চলা একটি বিশেষ ট্র্যাফিক বলবত্করণ উদ্যোগের সময় গতি সীমা লঙ্ঘন এবং আগ্রাসীভাবে গাড়ী চালানো ড্রাইভারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার লক্ষ্য রেখেছে। এই বছরের "গতি সপ্তাহ" বলবত্করণে কঠোর ব্যবস্থা গ্রহণ 6ই জুন বৃহস্পতিবার থেকে শুরু হয়ে বুধবার 12ই জুন অবধি চলবে। ট্র্যাফিক পুলিশেরা সক্রিয়ভাবে হাইওয়ের কাজের অঞ্চলগুলিতে টহল দেবে এবং নিউ ইয়র্কের "মুভ ওভার" আইন লঙ্ঘনকারীদের দিকে নজর রাখবে।

"আমরা গতি সীমা লঙ্ঘন এবং বেপরোয়া গাড়ী চালনোকে একটি অত্যন্ত স্বাভাবিক কারণেই বরদাস্ত করব না: এর জন্য প্রত্যেকেরই বিপদ ঘটতে পারে এবং গতি সীমা লঙ্ঘনের ফলে প্রতি বছর নিউ ইয়র্ক স্টেটে ভয়াবহ দুর্ঘটনা ঘটে থাকে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা সমস্ত ড্রাইভারদের নিরাপত্তাকে সর্বাধিক গুরুত্বপূর্ণ হিসাবে দেখতে, গতি সীমা মেনে চলতে, আপনার ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার না করতে, এবং রাস্তার পাশে এমার্জেন্সি গাড়ী এবং হাইওয়ে কর্মীদের দেখলে সরে গিয়ে তাদের জায়গা দেওয়ার সনির্বন্ধ অনুরোধ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরেলেট বলেন, "যেহেতু এটি গ্রীষ্মকালীন ভ্রমণের সময়, আমরা চাই ড্রাইভাররা বুঝুক যে বেশি গতিতে গাড়ী চালালে তা দুঃখজনক পরিস্থিতি তৈরি করতে পারে। এই ট্র্যাফিক আইন বলবত্করণের সময়ে এবং গ্রীষ্মের গাড়ী চালানোর সময় জুড়ে, ড্রাইভারদের সূচিত গতি সীমা অনুসরণ করে গাড়ী চালানো এবং বেপরোয়া ড্রাইভারদের নিয়ন্ত্রণে রাখতে আমাদের ট্র্যাফিক পুলিসেরা কড়া নজর রাখবে।"

"সমস্ত ড্রাইভারদের গতি সীমা মেনে চলতে এবং কখনও অন্যমনস্ক বা অসংলগ্ন হয়ে গাড়ী না চালানোর জন্য আমিও গভর্নরের সাথে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি", **মার্ক জে. এফ. স্করয়েডার,**

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস (Department of Motor Vehicles) এর কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক সেফটি মমিটির (Governor's Traffic Safety Committee) সভাপতি, বলেছেন। "গতি সীমা লঙ্ঘনে একটি বিপজ্জনক এবং পরিহার্য ড্রাইভিং অপরাধ যা রাস্তার সকলকে ঝুঁকির সম্মুখীন করে। যারা এই প্রচারাভিযানের সময় এবং সারা বছর ধরে আমাদের সড়ক পরিবহন ব্যবস্থাকে সুরক্ষিত রাখেন, আমাদের সেই আইনরক্ষাকারী অংশীদারদের প্রতি গভর্নরের ট্র্যাফিক সেফটি কমিটি কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেটে ঘটা সমস্ত ভয়াবহ দুর্ঘটনার প্রায় এক তৃতীয়ংশের কারণ হল গতি সীমা লঙ্ঘনে। ইউনিভার্সিটি অফ অ্যালবেনিতে ইনস্টিটিউট ফর ট্র্যাফিক সেফটি ম্যানেজমেন্ট অ্যান্ড রিসার্চের (Institute for Traffic Safety Management and Research, ITSMR) দেওয়া পরিসংখ্যান অনুযায়ী, 2017 সালে, নিউ ইয়র্ক স্টেটে গতি-সম্পর্কিত দুর্ঘটনার কারণে 301 জন মারা গেছেন এবং 18,178 জন আহত হয়েছেন। দি ন্যাশনাল হাইওয়ে ট্র্যাফিক সেফটি অ্যাডমিনিস্ট্রেশন (National Highway Traffic Safety Administration) জানিয়েছে যে যানবাহনের মধ্যে সংঘর্ষ হল তিন থেকে 33 বছর বয়সী মানুষের মৃত্যুর প্রধাণ কারণ।

এই "গতি সপ্তাহ" বলবত্করণের সময়ে, ট্র্যাফিক পুলিসেরা তাদের কাজের অংশ হিসাবে স্টেট পুলিশের এবং পরিচয় গোপনকারী ট্র্যাফিক বলবত্করণের (Concealed Identity Traffic Enforcement, CITE) চিহ্নযুক্ত দুই ধরণের গাড়ীই ব্যবহার করতে থাকবে। CITE গাড়ীগুলি ট্র্যাফিক পুলিসদের গাড়ী চালানোর সময় আইন অমান্যকারী গাড়ী চালকদের আরও সহজে চিহ্নিত করার সুযোগ করে দেয়। এই যানগুলি স্বাভাবিক ট্র্যাফিকের সাথে মিশে যেতে পারে, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

সব ধরণের গাড়ীর গতি সীমা লঙ্ঘন, সেইসাথে অন্যান্য ট্র্যাফিক আইন লঙ্ঘনকারী ঘটনার বিরুদ্ধে, সারা বছরের আইন প্রণয়নকারী ঘটনার সংযুক্তি হিসাবে এই সপ্তাহ জুড়ে কঠোরভাবে ব্যবস্থা নেওয়া হবে। ট্র্যাফিক পুলিসেরা, অন্যমনস্ক বা অসংলগ্ন ড্রাইভার, গাড়ীর আরোহীগণ যারা ঠিকমতো সিট বেল্ট বাঁধেননি, এবং যে সমস্ত ড্রাইভার নিউ ইয়র্কের মুভ ওভার আইন লঙ্ঘন করছেন তাদের সহ অন্যান্য ট্যাফিক আইন অমান্যগুলির উপরও নজর রাখতে থাকবে।

2018 সালের জুন মাসের গতি সপ্তাহ প্রচারাভিযানের সময়, স্টেট ট্র্যাফিক পুলিস মোট 24,581টি টিকিট ইস্যু করেছে, তার মধ্যে গতি সীমার উপরে গাড়ী চালানোর জন্য 11,340টি, অন্যমনস্ক হয়ে গাড়ি চালানোর জন্য 673টি, এবং মুভ ওভার আইন লঙ্ঘনের জন্য 388টি টিকিট।

প্রতি ঘণ্টায় 55 মাইল গতি সীমার হাইওয়েতে বা প্রতি ঘণ্টায় 65 মাইল গতি সীমার হাইওয়েতে গতি সীমা লঙ্ঘনের জরিমানা নিম্নরূপ:

গতি সীমার উপরে ঘণ্টায় 10 মাইল বা তার কম - ন্যুনতম 45 ডলার/সর্বাধিক 150 ডলার
গতি সীমার উপরে ঘণ্টায় 11 থেকে 30 মাইল - ন্যুনতম 90 ডলার/সর্বাধিক 300 ডলার
গতি সীমার উপরে ঘণ্টায় 31 মাইল বা তার বেশি - ন্যুনতম 180 ডলার/সর্বাধিক 600 ডলার

দ্বিতীয়বার একই অপরাধ করলে
গতি সীমার উপরে ঘন্টায় 10 মাইল বা তার কম – ন্যুনতম 45 ডলার/সর্বাধিক 300 ডলার
গতি সীমার উপরে ঘন্টায় 11 থেকে 30 মাইল – ন্যুনতম 90 ডলার/সর্বাধিক 450 ডলার
গতি সীমার উপরে ঘন্টায় 31 মাইল বা তার বেশি – ন্যুনতম 180 ডলার/সর্বাধিক 750 ডলার

তৃতীয়বার একই অপরাধ করলে
গতি সীমার উপরে ঘন্টায় 10 মাইল বা তার কম – ন্যুনতম 45 ডলার/সর্বাধিক 525 ডলার
গতি সীমার উপরে ঘন্টায় 11 থেকে 30 মাইল – ন্যুনতম 90 ডলার/সর্বাধিক 675 ডলার
গতি সীমার উপরে ঘন্টায় 31 মাইল বা তার বেশি – ন্যুনতম 180 ডলার/সর্বাধিক 975 ডলার

আদালতের সারচার্জ নিম্নরূপ:
শহর বা গ্রামের আদালত - 93 ডলার
অন্যান্য আদালত (সিটি ট্র্যাফিক আদালত, ইত্যাদি) - 88 ডলার

লঙ্ঘনের পয়েন্টের ধরণ:
গতিসীমার উপরে ঘন্টায় 1 থেকে 10 মাইল = 3 পয়েন্ট
গতিসীমার উপরে ঘন্টায় 11 থেকে 20 মাইল = 4 পয়েন্ট
গতিসীমার উপরে ঘন্টায় 21 থেকে 30 মাইল = 6 পয়েন্ট
গতিসীমার উপরে ঘন্টায় 31 থেকে 40 মাইল = 8 পয়েন্ট
গতিসীমার উপরে ঘন্টায় 40 মাইল = 11 পয়েন্ট (লাইসেন্স বাতিল হয়ে যেতে পারে)

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন